

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ ৯. জাল হাদীস চিহ্নিতকরণে বাঙালী আলিমগণ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ২. ৪. ৩. 'আল-জামি আস-সাগীর ও কানযুল উম্মাল

ইমাম সুয়ূতীর (৯১১ হি) 'জামি সাগীর' ও 'জামি কাবীর' হাদীসের সুপ্রসিদ্ধ গ্রন্থ। এর উপর ভিত্তি করে প্রসিদ্ধ ভারতীয় আলিম আল্লামা আলাউদ্দীন আলী মুত্তাকী (৯৭৫ হি) 'কানযুল উম্মাল' গ্রন্থটি রচনা করেন। এ গ্রন্থগুলোর মধ্যে সহীহ ও যয়ীফ হাদীসের পাশাপাশি জাল হাদীস বিদ্যমান। আল্লামা আবৃ জাফর সিদ্দিকী এ গ্রন্থগুলির অনেক হাদীস জাল বলে চিহ্নিত করেছেন। যেমন: 'আমি এবং এ ব্যক্তি (আলী রা) কিয়ামতের দিন আমার উম্মাতের উপর প্রমাণ', 'সুলাইমান (আঃ)-এর আংটির নকশা বা খোদিত কথা ছিল: লা ইলাহা ইল্লাল্লাছ মুহাম্মাদুর রাসূলুল্লাহ', 'তোমরা আলিমদের অনুসরণ করবে; কারণ তারা দুনিয়ার প্রদীপ ও আখিরাতের বাতি', 'এক মুসলিমের বিরুদ্ধে আরেক মুসলিমের সাক্ষ্য গ্রহণযোগ্য হবে; তবে এক আলিমের বিরুদ্ধে আরেক আলিমের সাক্ষ্য গ্রহণযোগ্য হবে না; কারণ তারা হিংসুক', 'এক মুহূর্ত ইলম সন্ধান সারারাত সালাত আদায়ের চেয়ে উত্তম এবং একদিন ইলম সন্ধান তিন মাস সিয়াম পালন থেকে উত্তম', 'ইলম সন্ধান করা আল্লাহর নিকট সালাত, সিয়াম, হজ্জ ও আল্লাহর রাস্তায় জিহাদ থেকে উত্তম' ... ইত্যাদি।[1]

ফুটনোট

[1] আবূ জাফর সিদ্দিকী, প্রাগুক্ত: উর্দু, পৃ. ১২-৯৯, বাংলা, পৃ. ৪১৪-৪২৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=4691

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন